সংবাদ

তারিখ 22 NOV 2007
পৃষ্ঠা ১২ কলাম ৩

# ভর্তি ফি কমানোর দাবি : ঢাবিতে বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

কোর্স ও ভর্তি ফি কমানোর দাবিতে আন্দোলনে নেমেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের প্রথম বর্ষের ছাত্রছাত্রীরা। গতকাল বুধবার আন্দোলনরত ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। সমাবেশ শেষে তারা উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় কোর্স ও ভর্তি ফি কমানোর দাবিতে আন্দোলনরত ছাত্রছাত্রীরা বিভিন্ন স্লোগান দিতে থাকে।

এদিকে ছাত্রছাত্রীদের দাবির বিষয়ে আজ বৃহস্পতিবার চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে জানিয়েছেন উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজ। তবে ছাত্রছাত্রীদের দাবি মেনে নেয়া না হলে আন্দোলন অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল সকাল সাড়ে ১০টার দিকে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ২০০৬-০৭ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীরা কোর্স ও ভর্তি ফি কমানোর

বিক্ষোভ : পৃঃ ২ কঃ ২

## বিক্ষোভ : ঢাবিতে

(১২ পৃষ্ঠার পর)

দাবিতে কলা ভবনের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। সমাবেশ শেষে তারা উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান নেয়। এ সময় বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা কোর্স ও ভর্তি ফি কমানোর দাবিতে বিভিন্ন স্লোগান দিতে থাকে। তারা উপাচার্যের কার্যালয়ের সামনে দীর্ঘ সময় অবস্থান করে।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদে নতুন সেমিস্টার পদ্ধতিতে প্রতি কোর্সের জন্য ২৫০ টাকা ধার্য করা হয়েছে। এতে বছরে দুই সেমিস্টারে আট বা দশটি কোর্সের জন্য ছাত্রছাত্রীদের অতিরিক্ত দুই হাজার থেকে আড়াই হাজার টাকা খরচ হবে। আন্দোলনরত ছাত্রছাত্রীরা জানিয়েছে, আগে কোর্স ফি বাবদ বছরে খরচ হতো ৩০০ থেকে ৫০০ টাকা পর্যন্ত।

এ ঘটনায় গতকাল উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজের সভাপতিত্বে বিভিন্ন অনুষদের ডিন ও ইনস্টিটিউটের পরিচালকদের এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে উপাচার্য জানিয়েছেন, এ বিষয়ে আজ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।